

ডাকসুতে জয় পেল সেই দম্পতি

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে দুই

পদে স্বামী স্ত্রী বিজয়ী হয়েছেন। তারা হলেন- রায়হান উদ্দিন ও

উম্মে সালমা। তারা দুজনই বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির

সমর্থিত ‘ঞ্চিতবন্ধ শিক্ষার্থী’ জেট থেকে নির্বাচন করেছিলেন।

এদের মধ্যে ৯ হাজার ৯২০ ভোট পেয়ে কমনরুম, রিডিংরুম ও

ক্যাফেটেরিয়া সম্পাদক হিসেবে জয় পেয়েছেন উম্মে সালমা।

আর ৫ হাজার ৮২ ভোট পেয়ে জয় লাভ করেছেন রায়হান উদ্দিন।

তারা দুজনেই ঢাবির ইংরেজি বিভাগের শিক্ষার্থী এবং তাদের

পৈতৃক নিবাস বৃহত্তর চট্টগ্রামের সাতকানিয়ায়। রায়হান

২০১৮-১৯ সেশনের ও উম্মে সালমার ২০২০-২১ সেশনের

শিক্ষার্থী।

নির্বাচনে ডাকসুর ২৮টি পদে প্রতিদ্বন্দ্বিতা করেছেন মোট ৪৭১ জন

প্রার্থী।

এর মধ্যে নারী প্রার্থী ৬২ জন। সহসভাপতি (ভিপি) পদে ৪৫ জন,

সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৯ জন এবং সহসাধারণ

সম্পাদক (এজিএস) পদে ২৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন।

নারী প্রার্থীদের মধ্যে ভিপি পদে ৫ জন, জিএস পদে একজন ও

এজিএস পদে ৪ জন প্রার্থী ছিলেন।